

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

তাপ প্রবাহের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

প্রকাশের তারিখ: ১০/০৪/২০২৩

হালনাগাদের তারিখ: ১৭/০৪/২০২৩

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী সারাদেশের উপর দিয়ে মৃদু থেকে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং আগামী ০৫ দিন (১৭ এপ্রিল - ২১ এপ্রিল, ২০২৩) তা অব্যাহত থাকতে পারে। এ সময়ে বৃষ্টিপাত হওয়ার সম্ভবনা নেই। এমতাবস্থায় নীচের পরামর্শসমূহ প্রদান করা হলো:

- তাপপ্রবাহের ক্ষতি থেকে ধান রক্ষার জন্য বোরো ধানের জমিতে পর্যাপ্ত পানি ধরে রাখুন। ধানের শীষে দানা শক্ত না হওয়া পর্যন্ত জমিতে অবশ্যই ২-৩ ইঞ্চি দাঁড়ানো পানি রাখতে হবে।
- আম গাছের গোড়ায় পর্যাপ্ত সেচ প্রদান করুন। প্রয়োজনে গাছের শাখাপ্রশাখায় পানি স্প্রে করা যেতে পারে।
- সবজির জমিতে আগামী এক সপ্তাহে মাটির ধরন বুঝে প্রয়োজন অনুযায়ী ২ থেকে ৩ টি সেচের ব্যবস্থা করুন।
- ফল ও সবজির চারাকে তাপপ্রবাহের ক্ষতি থেকে রক্ষার জন্য মালচিং ও সেচ নিশ্চিত করুন।
- গবাদি পশুকে পর্যাপ্ত ঠাণ্ডা পানি পান করান, ছায়াযুক্ত স্থানে রাখুন। ঠাণ্ডা পানি দিয়ে গবাদি পশুর গা মুছে দিন/গোসল করিয়ে দিন।
- অতিরিক্ত গরমে হাঁসমুরগীকে পরিষ্কার পানির সাথে গ্লুকোজ স্যালাইন মিশিয়ে পান করান। মুরগীর ঘরে/গায়ে পানি স্প্রে করুন।



(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: kamalmoa@gmail.com